অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ইতোপূর্বে অনিয়ন্ত্রিত ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের জন্য স্বচ্ছতা এবং একটি সমন্বিত নিয়ন্ত্রণমূলক কাঠামো নিয়ে আসতে গভর্নর হোকলের মাইলফলক আইন স্বাক্ষর

S.3762/A.1396 আইনটি ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের লাইসেন্স গ্রহণ ও নিবন্ধন আবশ্যক করবে

এই আইন ফার্মাসিউটিক্যাল খরচের ক্ষেত্রে স্বচ্ছতা নিয়ে আসবে এবং ভোক্তাদেরকে তাদের স্বাস্থ্যসেবা সম্পর্কে আরো ভালোভাবে অবহিত সিদ্ধান্ত গ্রহণের সুযোগ দিবে

গভর্নর ক্যাথি হোকল S.3762/A.1396 আইনটি স্বাক্ষরের ঘোষণা দিয়েছেন যা ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের জন্য লাইসেন্সগ্রহণ ও নিবন্ধনের বিধান কার্যকর করবে। এছাড়াও এই বিল পরিষেবা প্রদানের সময় PBM-দের জন্য অনুসরণ করা আবশ্যক হবে এমন দায়িত্ব ও বাধ্যবাধকতা নির্ধারণ করে দিয়েছে এবং আর্থিক পরিষেবা বিভাগ (department of financial services)-কে আইনটি প্রয়োগ করার এবং ভোক্তা, ফার্মেসি, ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছ থেকে অভিযোগ গ্রহণ করার অনুমতি দিয়েছে।

"একটি বৈশ্বিক জনস্বাস্থ্য সংকট চলাকালীন এই সময়ে, আমাদের জন্য স্বাস্থ্যসেবা ব্যবস্থা উন্নত করা এবং নিউ ইয়র্কবাসীদের জন্য খরচ কমিয়ে আনার প্রতিটি সুযোগকে কাজে লাগানো অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "এই মাইলফলক আইন ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের জন্য দেশের সবচেয়ে সমন্বিত নিয়ন্ত্রণমূলক ফ্রেমওয়ার্ক তৈরি করে যা ভোক্তাদের জন্য স্বচ্ছতা বৃদ্ধি করবে এবং প্রেসক্রিপশন ওষুধের খরচের উপর আলোকপাত করবে। ওষুধ ও বিমার সাথে সম্পর্কিত খরচ সামলানো কঠিন হতে পারে, তাই এটিকে অনেকাংশে সহজতর করার জন্য এই আইনটি স্বাক্ষর করতে পেরে আমি গর্বিত।"

S.3762/A.1396 আইনটি ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের জন্য লাইসেন্স গ্রহণ আবশ্যক করেছে এবং পরিষেবা প্রদানকারী হিসেবে তাদের কর্তব্য ও বাধ্যবাধকতাগুলো সুনির্দিষ্ট করে দিয়েছে। এছাড়াও এই বিল আর্থিক পরিষেবা বিভাগকে কোনো PBM কর্তৃক আইন লঙ্ঘন করার বিষয়ে অভিযোগ গ্রহণের অনুমতি প্রদান করেছে এবং PBM-দের আইন ও বিধিমালা অনুযায়ী প্রতিষ্ঠিত মানদণ্ডগুলো মেনে চলা নিশ্চিত করবে।

আর্থিক পরিষেবা (Financial Services)-এর ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট অ্যাড্রিন এ. হ্যারিস বলেন, "আর্থিক পরিষেবা বিভাগ এই ঐতিহাসিক আইন বাস্তবায়নের জন্য প্রস্তুত রয়েছে যা এই বিভাগের জন্য দীর্ঘদিন ধরে একটি অগ্রাধিকার হয়ে রয়েছে। ফার্মেসি বেনিফিট ম্যানেজারদের নিয়ন্ত্রণ ভোক্তাদের উপর এবং স্বাস্থ্যবিমার প্রিমিয়ামের উপর প্রেসক্রিপশন ওষুধের উচ্চ মূল্যের প্রভাব মোকাবেলার পরবর্তী গুরুত্বপূর্ণ পদক্ষেপের প্রতিনিধিত্ব করে। আমরা গর্বিত যে গভর্নর হোকল দেশের সবচেয়ে সমন্বিত PBM নিয়ন্ত্রক কাঠামো তৈরি করছেন এবং আমরা আত্মবিশ্বাসী যে ইতোপূর্বে অনিয়ন্ত্রিত অবস্থায় থাকা এই শিল্পে আমরা অবশেষে প্রয়োজনীয় পুনর্গঠন সম্পন্ন করতে পারবো।"

সিনেটর নিল ব্রেসলিন বলেন, "PBM শিল্প দীর্ঘ সময় ধরে অনিয়ন্ত্রিত অবস্থাতেই রয়ে গেছে। এখানে নিউ ইয়র্কে এবং দেশব্যাপী বিভিন্ন স্থানে উভয় ক্ষেত্রে PBM-গুলো রোগীদের কল্যাণের বিপরীতে স্বচ্ছতার অভাবের সুযোগকে কাজে লাগিয়েছে। রোগী-কেন্দ্রিক এই আইন PBM-গুলোকে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার অন্য সব স্টেকহোল্ডারদের জন্য আবশ্যক একটি উৎকর্ষতার মানদণ্ড মেনে চলতে বাধ্য করবে। এই অতি গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষরের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রাইড বলেন, "PBM-গুলো ওষুধের খরচ বাড়িয়ে দেয়ার জন্য বহুলভাবে দায়ী হিসেবে ব্যাপকভাবে পরিচিত। তারা কার্যকর কোনো নিয়ন্ত্রণ ছাড়াই গোপনীয়ভাবে কার্যপরিচালনা করে আসছে, এবং স্বাস্থ্য পরিকল্পনাগুলো চেইন ফার্মেসিগুলোর সাথে একীভূত হওয়ায় স্বতন্ত্র ফার্মাসিস্টদের প্রতি PBM-এর অন্যায্য আচরণ আরো খারাপের দিকে যাচ্ছে। এই নতুন আইন স্বাস্থ্যসেবা ব্যবস্থার এই খাতটিতে কার্যকর তদারকি ও স্বচ্ছতার আওতায় নিয়ে আসবে৷ এই বিলকে আইনে পরিণত করতে তাদের কঠোর পরিশ্রমের জন্য আমি গভর্নর হোকল, সিনেট পৃষ্ঠপোষক নিল ব্রেসলিন, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিয়েস্টি, এবং আমার অ্যাসেম্বলি সহকর্মী কেভিন কাহলিল ও জন ম্যাকডোনাল্ডকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন